### কলাছড়া ব্রত

কলাছড়া ব্রত সময় বা কাল- চৈত্র মাসের সংক্রান্তিতে এই ব্রত নিতে হয়। তারপর নিয়ম মত ৪ বছর এই ব্রত পালন করে উদযাপন করায় বিধান। এয়ো স্ত্রীরাই এই ব্রত নিতে পারেন।

কলাছড়া ব্রত বিধান- একজন ব্রাহ্মণ কে চৈত্র মাসের সংক্রান্তির দিন নিমন্ত্রণ করে আনতে হবে, আর তাকে এক ছড়া কলা, মিষ্টান্ন , পান, সুপারি ও পয়সা দিতে হবে ।

পুরো বৈশাখ মাস ধরে এই করে যাওয়ার নিয়ম ।এরপর দ্বিতীয় বছরে দুই, তৃতীয় বছরে তিন ও চতুর্থ বছরে চারজন ব্রাহ্মণকে এইভাবে দানের বস্তু দেওয়া কর্তব্য।

কলাছড়া ব্রত দ্রব্য ও উদযাপন বিধি – চতুর্থ বছরে বৈশাখী সংক্রান্তির দিন,চারজন ব্রাহ্মণ কে আমন্ত্রণ করে এনে খুব যত্নের সঙ্গে পরিতোষ করে ভজন করানো প্রয়োজন।যে ব্রাহ্মণ কে দিয়ে ব্রত নেওয়া হয়েছে তাঁকে এক ছড়া সোনার কলা,

জামা ,কাপড় ,ছাতা ,পাখা, আর ষোলআনা দক্ষিণা দেওয়ায় বিধি |অন্যান্য ব্রাহ্মণদের সামর্থ্য অনুযায়ী দক্ষিণা প্রত্যেকে এক খানা করে গামছা দেওয়া উচিত ।

Published on: Jan, 09 2023 14:15